105

দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 26 1999
পৃষ্ঠা ৪ কলাম ৫

## অবশিষ্ট আটজন শিক্ষককে এমপিওভুক্ত করা হউক

কুমিল্লা জেলার বুড়িচং উপজেলাধীন লাড়িবাগ উচ্চ বিদ্যালয় ১৯৮৬ সালে স্থাপিত হয়। '৯৩ সালে বিদ্যালয়টি এমপিওভুক্ত হয়। '৯৬ সাল হইতে অত্র বিদ্যালয়ের শিক্ষার্থীরা এস,এস,সি পরীক্ষায় অংশ নিতেছে। পাসের হার ৮৫% হইতে ৯৮%। বিদ্যালয়টি এস,এস,সি পরীক্ষার একটি কেন্দ্র। গত ১২/৫/৯৯ তারিখে বিদ্যালয় পরিদর্শনের জন্য শিক্ষা মন্ত্রণালয় হইতে লোক আসিয়াছিল। এখানকার ১৩ জন শিক্ষকের মধ্যে পাঁচজন বেতনের সরকারী অংশ পান। এমতাবস্থায়, অবশিষ্ট আটজন শিক্ষককেও এমপিওভুক্তির জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ এস আই রানা চৌধুরী,
সহকারী প্রধান শিক্ষক,
লড়িবাগ উচ্চ বিদ্যালয়,
বুড়িচং, কুমিল্লা।